

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩০৭

১/ বিবিধ

আরবী

استعينوا بالله من المغامر، قيل: وما المغامر؟ قال: الإمام الجائر الذي إن أحسنت لم يقبل، وإن أسأت لم يتجاوز، ومن جار السوء الذي عينه تراك وقلبه يرداك، وإن رأى خيرا دفنه، وإن رأى شرا أذاعه
ضعيف جدا

أخرجه ابن عدي في " الكامل " (ق 174/1) عن أحمد بن إسماعيل المدني: حدثنا سعد بن سعيد المقبري عن أخيه عن جده عن أبي هريرة مرفوعا. وقال: " وهذا أخاف أن يكون البلاء فيه من أحمد بن إسماعيل المدني، وهو الذي يقال له: أبو حذافة، ضعيف جدا، لا من سعد بن سعيد
وتعقبه الذهبي بقوله في أحمد هذا في " الميزان ": " لم ينقم على أبي حذافة متن، بل إسناده، ولم يكن ممن يتعمد ". يعني الكذب
قلت: فالأرجح أن آفة هذا الحديث هو أخوسعد هذا المذكور في الإسناده، واسمه عبد الله بن سعيد المقبري فقد قال فيه يحيى بن سعيد: " استبان لي كذبه في مجلس وقال الذهبي: ساقط بمرّة
والحديث طريق آخر عن أبي هريرة مرفوعا نحوه، وإسناده ضعيف جدا أيضا، وسيأتي بيان ذلك برقم (3412)

বাংলা

১৩০৭। তোমরা মাগাফির হতে আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা কর। কেউ বলল মাগাফির কী? তিনি বললেনঃ অত্যাচারী শাসক, তুমি ভালো কিছু করলে যে গ্রহণ করে না আর মন্দ কিছু করলে সে তাকে এড়িয়ে যায় না। আর মন্দ প্রতিবেশী থেকে আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা কর যার চোখ তোমাকে দেখছে আর যার হৃদয় তোমাকে পর্যবেক্ষণ করছে। সে যদি কল্যাণকর কিছু দেখে তাহলে তাকে দাফন করে ফেলে আর কেউ যদি মন্দ কিছু দেখে তাহলে তা প্রচার করে।

হাদীসটি খুবই দুর্বল।

হাদীসটিকে ইবনু আদী "আল-কামেল" গ্রন্থে (কাফ ১/১৭৪) আহমাদ ইবনু ইসমাইল মাদানী হতে, তিনি সা'দ ইবনু সাঈদ মাকবুরী হতে, তিনি তার ভাই হতে, তিনি তার দাদা হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

ইবনু আদী বলেনঃ আমি এ হাদীসটির সমস্যা মনে করছি বর্ণনাকারী আহমাদ ইবনু ইসমাইল মাদানীকে। যাকে আবু হুরাফা বলা হয়। তিনি খুবই দুর্বল। সা'দ ইবনু সাঈদ সমস্যা নয়।

হাফিয যাহাবী তার সমালোচনা করে বলেছেনঃ ... তিনি সেই দলের অন্তর্ভুক্ত ছিলেন না যারা ইচ্ছাকৃত মিথ্যা বলতেন।

আমি (আলবানী) বলছিঃ সঠিক সিদ্ধান্ত হচ্ছে এই যে, হাদীসটির সমস্যা হচ্ছে উল্লেখিত সাদের ভাই। তিনি হচ্ছেন আব্দুল্লাহ ইবনু সাঈদ মাকবুরী। তার সম্পর্কে ইয়াহইয়া ইবনু সাঈদ বলেনঃ একটি মজলিসে আমার নিকট তার মিথ্যাবাদিতার বিষয়টি স্পষ্ট হয়।

হাফিয যাহাবী বলেনঃ তিনি একেবারে সাকেত (নিষ্কিণ্ড, প্রত্যাখ্যাত) ব্যক্তি।

আবু হুরাইরাহ (রাঃ) হতে অনুরূপ মারফু' হিসেবে হাদিসটির অন্য একটি সূত্র রয়েছে। সেটির সনদও খুবই দুর্বল। পরবর্তীতে ৩৪১২ নম্বরে সেটির ব্যাখ্যা আসবে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72186>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন